

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জুলাই ৩০, ২০২২

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ: ১২ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ / ২৭ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৬২.০০৪.২০-৯৬।—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ২০ জুলাই, ২০২২ খ্রিঃ তারিখে ১০.০০.০০০০.১২৭.৯৯.০০৩.২০.৩৬৯ নং স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে ০৩টি পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনে নির্বাচনি বিরোধ সংক্রান্ত দরখাস্ত/আপিল গ্রহণ, শুনানি ও নিষ্পত্তির লক্ষ্যে এতদ্বারা নিম্ন তফসিলের ৩নং কলামে বর্ণিত নির্বাচনি এলাকার জন্য ৪নং কলামে বর্ণিত “যুগ্ম জেলা ও দায়রা জজ” এর সমন্বয়ে “নির্বাচনি ট্রাইব্যুনাল” এবং ৫নং কলামে বর্ণিত “জেলা ও দায়রা জজ” এর সমন্বয়ে “নির্বাচনি আপিল ট্রাইব্যুনাল” গঠন করল:

তফসিল

ক্রম	জেলার নাম	পৌরসভার নাম	নির্বাচনি ট্রাইব্যুনাল	নির্বাচনি আপিল ট্রাইব্যুনাল
১	২	৩	৪	৫
১.	জয়পুরহাট	পাঁচবিবি	যুগ্ম জেলা ও দায়রা জজ	জেলা ও দায়রা জজ
		ক্ষেতলাল	যুগ্ম জেলা ও দায়রা জজ ১ম আদালত, জয়পুরহাট	জেলা ও দায়রা জজ আদালত, জয়পুরহাট
২.	ঢাকা	দোহার	যুগ্ম জেলা ও দায়রা জজ যুগ্ম জেলা ও দায়রা জজ ১ম আদালত, ঢাকা	জেলা ও দায়রা জজ জেলা ও দায়রা জজ আদালত, ঢাকা

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোছাঃ শাহীনুর আজর

সিনিয়র সহকারী সচিব (আইন-১)।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpres. gov. bd

(১২৮৬৩)

মূল্য : টাকা ৪.০০